SONARPUR MAHAVIDYALAYA

ESTD - 1985
Sahid Biswanath Sarani, Rajpur, Kolkata-149
Phone: 033 2434 6987/1421
www.sonarpurmahavidyalaya.net

Ref: .... Date 13/01/2017

মনোনয়নপত্র সংক্রান্ত নিয়মবিধি

১. মনোনয়নপত্র কলেজের ওয়েবসাইট থেকে সংগ্রহ করতে হবে ১৯/০১/২০১৭ বেলা ১১টা থেকে ৩ টার মধ্যে।

২. প্রার্থীর প্রস্তাবক বা সমর্থক শ্রেনীর হতে হবে।

৩. মনোনয়ন পত্র জমা দেওয়ার সময় প্রস্তাবক ও সমর্থককে সশরীরে উপযুক্ত সচিত্র পরিচয় পত্র সহ উপস্থিত থাকতে হবে।

৪. প্রার্থীর প্রস্তাবক ও সমর্থক প্রত্যেককে বৈধ ভোটার তালিকাভুক্ত হতে হবে।

৫. মনোনয়নপত্র জমা দেওয়ার সময় প্রস্তাবক ও সমর্থকের সচিত্র পরিচয় পত্রের জেরক্স জমা দিতে হবে।

৬. কোন প্রার্থীর প্রস্তাবক বা সমর্থক অন্য কোন প্রার্থীর প্রস্তাবক বা সমর্থক হতে পারবে না।

৭. জমা দেওয়া মনোনয়নপত্রে ও পরিচয় পত্রে কোনরকম অসঙ্গতি পাওয়া গেলে প্রার্থীর মনোনয়ন পত্র বাতিল হয়ে যাবে।

৮. মনোনয়নপত্র প্রত্যাহার করার জন্য অধ্যক্ষের কাছে আবেদন করতে হবে।

CONVENER
Election Commission
Students' Union Election
Sonarpur Mahavidyalaya

সভাপতি
নির্বাচন কমিশন
সোনারপুর মহাবিদ্যালয়

SONARPUR MAHAVIDYALAYA

SONARPUR MAHAVIDYALAYA

ESTD - 1985

Sahid Biswanath Sarani, Rajpur, Kolkata-149

Phone: 033 2434 6987/1421

www.sonarpurmahavidyalaya.net

Ref: ....   Date ...13/01/2017...

প্রাক্ নির্বাচন আচরণ বিধি

১. নির্বাচনী নির্ঘন্ট প্রকাশের পর থেকে কলেজে বহিরাগতদের প্রবেশ নিষিদ্ধ।

২. কোন বিশেষ কারণে অধ্যক্ষের সঙ্গে সাক্ষাতের প্রয়োজন হলে Visitor's slip পূরণ করে গেটে জমা দিতে হবে। অধ্যক্ষের অনুমতি পাওয়া গেলে তবেই সাক্ষাতপ্রার্থী কলেজে প্রবেশ করতে পারবে।

৩. রেগুলার অর্থাৎ কলেজের বর্তমান ছাত্রছাত্রীরা গেটে একমাত্র কলেজ প্রদত্ত সচিত্র পরিচয়পত্র দেখিয়ে কলেজে প্রবেশ করতে পারবে।

৪. ছাত্র সংসদ কক্ষ ৩১/০১/২০১৭ অর্থাৎ নির্বাচনের দিন পর্যন্ত বন্ধ থাকবে। নির্বাচন প্রক্রিয়া সম্পূর্ণ হবার পর সংসদ কক্ষের চাবি নির্বাচিত ছাত্র সংসদের হস্তান্তর করা হবে।

৫. কলেজ ক্যাম্পাসের মধ্যে কবে কোন্ ছাত্র সংগঠন প্রচার করবে তা নির্বাচন কমিশন ঘোষণা করবে। অনুমতি ছাড়া কোন প্রচার করা যাবে না।

৬. নির্বাচনী নির্ঘন্ট প্রকাশের পর থেকে নির্বাচনের দিন পর্যন্ত কলেজ ক্যাম্পাসের ২০০ মিটারের ভেতর কোনো প্রকার সভা সমাবেশ ও জমায়েত সম্পূর্ণভাবে নিষিদ্ধ।

৭. কলেজ ক্যাম্পাসের ২০০ মিটারের ভেতর ২০/০১/২০১৭ তারিখ থেকে ভোট পর্ব না মেটা পর্যন্ত কলেজ সংলগ্ন - এলাকায় ১৪৪ ধারা জারি থাকবে।

৮. সচিত্র পরিচয়পত্র হারিয়ে গেলে তৎক্ষণাৎ থানায় ডায়েরী করতে হবে। ডায়েরীপত্র নিয়ে সচিত্র পরিচয়পত্র জন্য নির্বাচন কমিশনের কাছে আবেদন করতে হবে।

CONVENER
Students' Union Election
Sonarpur Mahavidyalaya

SONARPUR MAHAVIDYALAYA 1985 Rajpur Bosepukur Kol 149

সভাপতি
নির্বাচন কমিশন
সোনারপুর মহাবিদ্যালয়

SONARPUR MAHAVIDYALAYA
ESTD - 1985
Sahid Biswanath Sarani, Rajpur, Kolkata-149
Phone: 033 2434 6987/1421
www.sonarpurmahavidyalaya.net

Ref: .... Date ...13/01/2017...........

ছাত্র সংসদ নির্বাচন ২০১৬-১৭
নির্বাচন বিধি

- কোন প্রার্থী একমাত্র তার নিজের শ্রেণীর কোন ভোটারকেই এজেন্ট হিসাবে নিযুক্ত করতে পারবে।
- ভোটদানের পর প্রার্থী বা তাঁর এজেন্ট ছাড়া অন্য কোন ও ভোটার ভোট কেন্দ্রে থাকতে পারবে না।
- এজেন্টদের তালিকা ভোটগ্রহণ কেন্দ্রের প্রিসাইডিং অফিসারের কাছে ভোট শুরুর আগে লিখিত ভাবে দিতে হবে।
- সমস্ত ক্ষেত্রে ভোটদান পর্ব শেষ হবার পর গণনার কাজ শুরু হবে।
- সমস্ত বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার অধিকার একমাত্র ইলেকশন কমিশনের।

৩১শে জানুয়ারি কলেজ ছাত্র সংসদ নির্বাচনের দিন পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের ফলাফল ঘোষিত হতে পারে। এই পরিপ্রেক্ষিতে আজ নির্বাচন কমিশনের জরুরী সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হল।

- বিশ্ববিদ্যালয়ের ফলাফল ঘোষনার পূর্বেই যেহেতু ভোটপর্ব যদি শুরু হয়ে যায় সেক্ষেত্রে ভোটগ্রহণ প্রক্রিয়া পূর্ব ঘোষণা অনুযায়ী চলবে এবং বেলা ১ টার মধ্যে কলেজ প্রাঙ্গনে প্রবেশকারী বৈধ ভোটাররা ভোটাধিকার প্রয়োগ করতে পারবে।
- ভোটগণনা শুরু হওয়ার পূর্বে যদি নির্বাচন কমিশনের কাছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ফলাফল পৌঁছে যায় তবে অকৃতকার্য প্রার্থীদের ভোটগণনা হবে না এবং তার প্রার্থীপদ বাতিল হয়ে যাবে।
- ভোটগণনা চলাকালীন বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার ফলাফল নির্বাচন কমিশনের কাছে পৌঁছালে ভোটগণনা প্রক্রিয়া সম্পূর্ণ হবে কিন্তু জয়ী প্রার্থী পরীক্ষায় অকৃতকার্য হলে তার প্রার্থীপদ বাতিল হয়ে যাবে।
- নির্বাচন প্রক্রিয়া শেষ হবার পর এবং শংসাপত্র (Certificate) প্রদানের পর যদি দেখা যায় যে কোনো জয়ী প্রার্থী বিশ্ববিদ্যালয় পরীক্ষায় অকৃতকার্য হয়েছে সেক্ষেত্রে পূর্ব ঘোষনা অনুযায়ী তার প্রতিনিধিত্ব বাতিল হয়ে যাবে।

CONVENER
Election Commission
Students' Union Election
Sonarpur Mahavidyalaya

SONARPUR MAHAVIDYALAYA
ESTD - 1985
Sahid Biswanath Sarani, Rajpur, Kolkata-149
Phone: 033 2434 6987/1421
www.sonarpurmahavidyalaya.net

Ref: .... Date ....13/01/2017.......

- যদি এক বা একাধিক আসনে পরীক্ষায় অকৃতকার্য হবার কারণে প্রার্থীর প্রার্থীপদ বাতিল হয় বা জয়ী প্রার্থীর প্রতিনিধিত্ব বাতিল হয় তবে সেই আসনের ফলাফল স্থগিত / বাতিল থাকবে।নির্বাচনে জয়ী ছাত্র সংসদ স্থগিত আসনটি /গুলিতে সর্বসম্মতিক্রমে প্রার্থী অর্ন্তভুক্ত করে নিতে পারবে।

CONVENER
Election Commission
Student Union Election
Sonarpur Mahavidyalaya

সভাপতি
নির্বাচন কমিশন
সোনারপুর মহাবিদ্যালয়

SONARPUR MAHAVIDYALAYA